

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসক, নাটোর

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

[www.natore.gov.bd](http://www.natore.gov.bd)

অনলাইনে মনোনয়নপত্র দাখিল সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময়সূচি ঘোষণা করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ আগামী ৩০ নভেম্বর ২০২৩ খ্রি. বৃহস্পতিবার। সম্ভাব্য যোগ্য ব্যক্তিগণ মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ বা তার পূর্বে যেকোন দিন অনলাইনে মনোনয়নপত্র দাখিল করবেন।

২। মনোনয়নপত্র দাখিলঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ৬৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের বিধান অনুসারে যোগ্য ব্যক্তিগণ অনলাইনে মনোনয়নপত্র দাখিল করবেন। নিয়োগিত যথাযথ প্রক্রিয়ায় অনলাইনে পূরণ করে সাবমিট করতে হবেঃ

(১) অনলাইনে মনোনয়নপত্র দাখিলঃ গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (৩) দফার (খ) উপদফার বিধান এবং নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর ৩ বিধির (১) (খ), (২) ও (৩) উপবিধি অনুসারে অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নিয়মপূর্ণ পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

(ক) অনলাইনে মনোনয়নপত্র দাখিলের জন্য নির্বাচনের যোগ্য ব্যক্তিগণকে বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিসিয়াল ওয়েবসাইটে [www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd) গিয়ে অনলাইনে মনোনয়নপত্র দাখিল লিংকে ক্লিক করতে হবে অথবা সরাসরি মনোনয়নপত্র দাখিলের ওয়েবসাইটে <https://onss.ecs.gov.bd> যেতে হবে। ওয়েব পোর্টালে প্রবেশ করে মনোনয়নপত্র দাখিলে ইচ্ছুক ব্যক্তির নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনী এলাকার নম্বর ও নাম এন্ট্রি করে মনোনয়নপত্রের জন্য রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর মনোনয়নপত্র দাখিলে ইচ্ছুক ব্যক্তি একটি ইউজার নেইম ও পাসওয়ার্ড পাবেন। প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে মনোনয়নপত্র ডাউনলোড করতে পারবেন।


(খ) ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রার্থী নিজের মনোনয়নপত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র স্ক্যান করে পিডিএফ আকারে দাখিল করতে পারবেন।

(গ) উল্লিখিত পদ্ধতিতে মনোনয়নপত্র দাখিলের পর প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস এর মাধ্যমে দাখিলের বিষয়টি নিশ্চিত হবেন।

(ঘ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে ক্রমিক নং প্রদান করে উক্ত ক্রমিক নম্বরসহ মনোনয়নপত্রের তৃতীয় খণ্ডে প্রার্থীর নাম, দাখিলের তারিখ ও সময় এবং বাছাইয়ের স্থান, তারিখ ও সময় মনোনয়নপত্রের পঞ্চম খণ্ডে উল্লেখ পূর্বক স্বাক্ষর ও সীলমোহর প্রদান করে পিডিএফ আকারে প্রার্থীকে ই-মেইলে প্রেরণ করবেন।

(ঙ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্রে সংশ্লিষ্ট কাগজাদির মূলকপি মনোনয়নপত্র বাছাইয়ের জন্য নির্ধারিত দিনে নিয়মস্বাক্ষরকারীর নিকট দাখিল করতে হবে।

উল্লেখ্য যে, নাটোর জেলার ০৪টি সংসদীয় আসনের [৫৮ নাটোর-১ (লালপুর ও বাগাতিপাড়া, ৫৯ নাটোর-২ (নাটোর সদর ও নলডাঙ্গা), ৬০ নাটোর-৩ (সিংড়া), ৬১ নাটোর-৪ (গুরুদাসপুর ও বড়াইপ্রাম) সম্ভাব্য যোগ্য ব্যক্তিগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখ ৪.০০ ঘটিকা পর্যন্ত বা উক্ত দিনের পূর্ববর্তী যেকোন দিনে অনলাইনে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন।

  
(আবু নাছের ভূঞা) ২০২৩

জেলা প্রশাসক, নাটোর

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

ফোন-০২৫৮৮৮৭৩৭৪১

[dcnatore@mopa.gov.bd](mailto:dcnatore@mopa.gov.bd)

তারিখঃ ১৬ নভেম্বর ২০২৩ খ্রি.

নম্বরঃ ০৫.৪৩.৬৯০০.০০১.১৬.০৪৪.২৩. ৪৬৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা

২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল।

৪। পুলিশ সুপার, নাটোর।

৫। জেলা নির্বাচন অফিসার, নাটোর।


৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার.....(সকল), নাটোর (তীকে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৭। জেলা তথ্য অফিসার, নাটোর (তীকে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৮। উপজেলা নির্বাচন অফিসার .....(সকল) নাটোর।

৯। সভাপতি/সম্পাদক, নাটোর প্রেস ক্লাব, নাটোর।

১০। নোটিশ বোর্ড।

  
জেলা প্রশাসক, নাটোর ২০২৩

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন